## GSP Tracker-এর মাধ্যমে

# Form-A পূরণের নির্দেশিকা

## GSP Tracker1.1

Release Date: September 2014






---

বাংলাদেশ ট্রেড পলিসি সাপোর্ট প্রোগ্রাম (বিটিপিএসপি)

রপ্তানী উন্নয়ন ব্যুরো

ঢাকা

প্রথম সংস্করণঃ মে, ২০১৪
দ্বিতীয় সংস্করণঃ সেপ্টেম্বর, ২০১৪

**রচনা ও সম্পাদনা**
মুহাম্মদ হাফিজুর রহমান
প্রোগ্রামার, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা

**পরিচলনা ও নির্দেশনা**
মোঃ আবুল কালাম আজাদ
পরিচালক (বস্ত্র), রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা

**সফ্টওয়্যার উন্নয়নে**
ফাহিম আনোয়ার
প্রধান নির্বাহী, জিএসপি অটোমেশন
শাহ আলী নেওয়াজ
আই,টি বিশেষজ্ঞ, জিএসপি অটোমেশন
মাসুদ আলম
অটোমেশন সার্পোট, জিএসপি অটোমেশন

The BTPSP is Funded by

The European Union
Implemented by Cardno Emerging Markets, Belgium s.a.

The Software is Developed By

Index IA Limited, Dhaka
Under Index Capital Group LLC, New York
www.indexcapgroup.com

এ নির্দেশিকায় কোন ভুল-ত্রুটি বা অসংগতি পরিলক্ষিত হলে তা জনাব মুহাম্মদ হাফিজুর রহমান (প্রোগ্রামার), রপ্তানী উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন (দ্বিতীয় তলা), ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫। ফোনঃ ৯১৪৪৮২১-২৪, ফ্যাক্সঃ +৮৮-০২-৯১১৯৫৩১ ই-মেইল: dd-ict@epb.gov.bd এই ঠিকানায় অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি সবিনয় অনুরোধ জানানো হলো।

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|
| জিএসপি অটোমেশন সম্পর্কিত প্রাসঙ্গিক কথা ------------------------------------------------ | ০৫ |
| GSP Tracker সফটওয়্যারটিতে Login এর নিয়মাবলী ও GSP ফরম পূরণ -------------- | ০৫ |
| রপ্তানীকারকদের করনিয় বিষয় সমূহ ------------------------------------------------------- | ০৫ |
| জিএসপি ট্রাকার সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ন নির্দেশনা ------------------------------------------ | ০৭ |
| Form-A এর নমুনা ---------------------------------------------------------------------- | ০৯ |
| Form-A পূরণের নির্দেশনা --------------------------------------------------------------- | ১০ |
| GSP Tracker এর মাধ্যমে Form-A পূরণের নমুনা চিত্র ------------------------------- | ১৩ |
| GSP Tracker এর মাধ্যমে Form-A জন্য প্রয়োজনীয় সার্পোট ডকুমেন্ট সংযুক্তির নমুনা ও রপ্তানী উন্নয়ন ব্যুরো কর্তৃপক্ষের ফরমপূরণ সংশ্লিষ্ট নোটিশের নমুনা চিত্র --------------- | ১৪ |

# ভূমিকা

বাংলাদেশ ট্রেড পলিসি সাপোর্ট প্রোগ্রাম (বিটিপিএসপি) প্রকল্পের আওতায় রপ্তানী উন্নয়ন ব্যুরোর জিএসপি সেবা প্রদান কম্পিউটারাইজড পদ্ধতিতে সম্পন্নকরণের উদ্দেশ্যে বিটিপিএসপি প্রকল্প বিগত এপ্রিল ০৮, ২০১২ তারিখ হতে শুরু হয়েছে। এই প্রকল্পের অন্যতম লক্ষ্য হলো ইইউভূক্ত দেশসমূহে বাংলাদেশের তৈরী পোষাকসহ বস্ত্র সামগ্রী রপ্তানীর বিপরীতে জিএসপি সনদ ইস্যুর ক্ষেত্রে ইইউ প্রণীত নিয়ম অনুসরণ করে জিএসপি সনদ ইস্যুসহ জিএসপি সংক্রান্ত সকল সেবা প্রদান দ্রুততর করার লক্ষ্যে জিএসপি সংক্রান্ত সকল কার্যাদি কম্পিউটারের মাধ্যমে সম্পাদনের জন্য কম্পিউটার সফট্ওয়্যার জিএসপি ট্রাকারের প্রচলন করা (GSP TRACKER)। এই জিএসপি ট্রাকারের মাধ্যমে ইপিবিতে নিবন্ধিত রপ্তানীকারকদের প্রচলিত ধারায় তৈরী ডাটাবেজ-কে কম্পিউটার সফট্ওয়্যারের মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে ব্যবস্থাপনায় এনে জিএসপি সেবাসহ এই সংক্রান্ত সেবাকে ই-সেবায় প্রবর্তন করা হয়।

নতুন এই পদ্ধতিতে জিএসপি সংক্রান্ত সেবাসমূহ পাওয়ার ক্ষেত্রে জিএসপি ফরম কিভাবে পূরণ করতে হবে তার নির্দেশিকাও একই সময়ে প্রকাশ করা হয়েছে। ইতোমধ্যে সামগ্রিক প্রক্রিয়ার আধুনিকরণের কাজ সম্পন্ন হয়েছে। যেমনঃ পণ্য রপ্তানীকরণের ক্ষেত্রে পণ্য জাহাজীকরণ বাংলাদেশ থেকে হয়েছে কি না তা নিশ্চিত হওয়ার জন্য কাষ্টমস-এর ASYCUDA World ডাটাবেজ ও বাংলাদেশ ব্যাংকের EXP ডাটাবেজের সাথে সরাসরি লিংক স্থাপন। আবেদন পত্রের সাথে সংযুক্তি হিসাবে সাপোর্ট ডকুমেন্টের সংখ্যা কমিয়ে আনা এবং ইউরোপীয় কমিশনের দুটি গুরুত্বপূর্ণ বিভাগ ডিজি (টাক্সুড) এবং OLAF-এর সাথে সফট্ওয়্যারের মাধ্যমে লিংক স্থাপন।

বিগত ১০ অক্টোবর, ২০১৩ তারিখে প্রথমবারের মতো জিএসপি ট্রাকার চালু করা হয়েছে। জিএসপি ট্রাকার সফট্ওয়্যার তৈরী ও এর উন্নয়নের ক্ষেত্রে ইইউ-এর প্রতিনিধি ও সকল পরামর্শক এবং সর্বোপরি ব্যুরোর বস্ত্র বিভাগ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ সার্বিকভাবে সহযোগিতা করেছেন  আমরা তাদের কাছে কৃতজ্ঞ। আশা করি ইউরোপীয় ইউনিয়ন রপ্তানী উন্নয়ন ব্যুরোর অন্যান্য আঞ্চলিক ও শাখা অফিসে জিএসপি সনদ জারীর পদ্ধতি আধুনিকায়ণে সহায়তার হাত বাড়িয়ে দিবেন। প্রণীত এই নতুন ধারায় আনয়নের ক্ষেত্রে যারা অক্লান্ত শ্রম দিয়েছে তাদেরকে আন্তরিক ধন্যবাদ।

শুভাশীষ বসু
ভাইস-চেয়ারম্যান
রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা

## জিএসপি অটোমেশন সম্পর্কিত প্রাসঙ্গিক কথা

বাংলাদেশ সরকার ও ইউরোপীয়ন ইউনিয়নের যৌথ অর্থায়নে বাংলাদেশ ট্রেড পলিসি সাপোর্ট প্রোগ্রাম (বিটিপিএসপি) শীর্ষক প্রকল্পটি বর্তমানে বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়নাধীন রয়েছে। বিটিপিএসপি প্রকল্পের অন্যতম অংশ হলো রপ্তানী উন্নয়ন ব্যুরোর GSP অটোমেশন। রপ্তানী উন্নয়ন ব্যুরোর GSP অটোমেশনের আওতায় নির্মিত GSP Tracker সফটওয়্যারটি ইউরোপীয় ইউনিয়ন প্রনীত নিয়ম অনুসরন করে তৈরী করা হয়েছে। GSP অটোমেশনের অধীনে তৈরী পোষাক ও বস্ত্র সামগ্রী রপ্তানী কারকদের ম্যানুয়াল পদ্ধতিতে নির্মিত নিবন্ধন ডাটাবেজ কে কম্পিউটারাইজেশনের মাধ্যমে ডিজিটাল করা হয়েছে। এই সফটওয়্যারটির মাধ্যমে তৈরী পোষাক ও বস্ত্র সামগ্রী রপ্তানীর ক্ষেত্রে রপ্তানীর বিপরীতে ইস্যুকৃত GSP সনদ সংক্রান্ত জালিয়াতি রোধকরা সম্ভব হবে। এছাড়াও একজন রপ্তানীকারক ইন্টারনেট ব্যাবহার করে GSP Tracker এর মাধ্যমে সার্ভারে সংরক্ষিত ডাটাবেজ থেকে নিবন্ধন ও রপ্তানীর বিপরীতে ইস্যুকৃত জিএসপি সনদ সংক্রান্ত হালনাগাদ তথ্য যে কোন সময় দেখতে পাবে ।

## GSP Tracker সফটওয়্যারটিতে Login এর নিয়মাবলী ও GSP ফরম পুরণ

*GSP Tracker সফটওয়্যারটিতে Login ও GSP ফরম পূরণ এর জন্য প্রয়োজনীয় হার্ডওয়্যার ও সফটওয়্যারঃ*

***কম্পিউটারঃ*** *যে কোন সাধারন মানের কম্পিউটার ।*

***অপারেটিং সিস্টেমঃ*** *Windows(xp,Win7/8 etc.)/ Linux/others অপারেটিং সিস্টেম (৩২ / ৬৪ বিট)।*

***ওয়েবব্রাউজার ঃ*** *Google Chrome Update Version **(Best Option)**, Mozilla Firefox Update Version।*

*এছাড়া ডায়ালআপ/ব্রডব্যান্ড **ইন্টারনেট কানেকশান, স্কানার, ও প্রিন্টার** ।*

ইন্টারনেট সংযোগ রয়েছে এমন একটি কম্পিউটারে GSP ট্রাকার সফটওয়্যারটি চালু করতে ব্রাউজারের (Google Chrome, MozillaFirefox) এড্রেসবারে www.epb-gsp.gov.bd লিখে Enter বাটন প্রেস করলে GSP Tracker এর Login পেইজ ওপেন হবে। এ পেইজে রপ্তানী উন্নয়ন ব্যুরো থেকে প্রাপ্ত ইউজারনেম (নিবন্ধন নম্বর) ও পাসওয়ার্ড ব্যাবহার করে GSP Tracker সফটওয়্যারটিতে Login করতে হবে।

### রপ্তানীকারকদের করনীয় বিষয় সমূহ :

১. প্রত্যেক রপ্তানীকারক User Name (নিবন্ধন নম্বর) এবং Password গ্রহনের ক্ষেত্রে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক / চেয়ারম্যান / মালিক অথবা তাদের মনোনীত প্রতিনিধি গ্রহন করতে পারবে। মনোনিত প্রতিনিধির জন্য আবেদনের সাথে অথোরাইজেশন লেটার সংযুক্ত থাকতে হবে।

প্রত্যেক রপ্তানীকারক http://www.epb-gsp.gov.bd Link এ গিয়ে তাদের User Name (নিবন্ধন নম্বর) এবং Password দিয়ে Login করতে হবে। সঠিক ভাবে Login হলে Successful login এই message প্রদর্শন করবে। যদিরপ্তানীকারক প্রথমবার Login করে তাহলে রপ্তানীকারক তার (Undertaken by Exporter) Company Information দেখতে পাবে। যদি Company Information এ ভুল বা আগের তথ্য থাকে সেক্ষেত্রে তথ্য পরিবর্তনের জন্য EPB পরিচালক বরাবর Application (আবেদন) করতে হবে। Company Information এর সব শেষে (নিচের দিকে) I agree ক্লিক করে Conform এ ক্লিক করলেই রপ্তানীকারকতাদের

User Account এ প্রবেশ করতে পারবে।সঠিক ভাবে Login না হলে The username or password you entered is incorrect. এই message দেখালে EPB কর্তৃক User Name (নিবন্ধন নম্বর) এবং Password এর জন্য প্রেরিত চিঠিসহ GSP Help Desk এ যোগাযোগ করতে হবে।

রপ্তানীকারক (BGMEA / BKMEA) GSP Form “A-------------” ক্রয়ের ক্ষেত্রে Form A ক্রয়ের পর সেটি GSP Software এ ইস্যু করা হয়েছে কিনা সে বিষয়ে নিশ্চিত হয়ে নিতে হবে । Form A ক্রয় পর (BGMEA / BKMEA) GSP Software এ ইস্যু না করে তাহলে রপ্তানীকারক লগইন করলে স্কীন ফাঁকা দেখতে পাবে। আর যদি ক্রয়কৃত Form A Software এর মাধ্যমে ইস্যু করা হয় তাহলে রপ্তানীকারক তাদের User ID ব্যবহার করে লগইন করলে Form A এর আইকন দেখতে পাবে। ক্লিক করে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে Submit করতে হবে। এরপর Form-Aপূরণের নির্দেশিকা অনুসরন করতে হবে।

***ফরমের অংশসমূহ ঃ***

GSPTracker সফটওয়্যারটির আবেদন ফরমে মুলতঃ তিনটি অংশ রয়েছে। এর মধ্যে প্রথম অংশ রপ্তানীকারক সম্পর্কিত তথ্য যা সয়ংক্রিয়ভাবে পূরণ হয়ে যাবে । ফরমের দ্বিতীয় অংশে রপ্তানীকারক রপ্তানী সংক্রান্ত তথ্য দ্বারা পূরণ করবে এবং আবেদন ফরমের সর্বশেষ অংশ রপ্তানী উন্নয়ন ব্যুরোর পক্ষথেকে পূরণ করা হবে।

Login করে আবেদন ফরমের চাহিদা মাফিক তথ্য এন্ট্রি করতে হবে এবং সংযুক্তি হিসাবে প্রয়োজনীয় সার্পোট ডকুমেন্টের স্ক্যান কপি Attach করে Submit করতে হবে। উল্লেখ্য, আবেদন ফরম পূরণের পর একবার দাখিল করলে পরবর্তিতে রপ্তানীকারকের যদি রপ্তানী সংক্রান্ত তথ্য হালনাগাদ করার প্রয়োজন হয় সে ক্ষেত্রে রপ্তানীকারককে ইপিবির (বস্ত্র) বিভাগের সাথে যোগাযোগ করতে হবে।

অনলাইনে GSP ফরম পূরনের ক্ষেত্রে যে সকল তথ্য ব্যবহার করা হয়েছে ঠিক সেই তথ্য সম্বলিত ফরম পূরণের মুদ্রিত কপির তথ্য মোতাবেক অরিজিনাল ফরম পূরণ করেসংযুক্তি হিসাবে প্রয়োজনীয় সার্পোট ডকুমেন্ট সহ ইপিবি কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। উল্লেখ্য যে, অনলাইনে ফরম পূরণের সময় আবেদন Submit করার পূর্ব পর্যন্ত Edit এবং Save করা যাবে।

ইতোমধ্যে ইপিবি কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত প্রত্যেক রপ্তানীকারকদের তথ্য হালনাগাদ করা হয়েছে। প্রত্যেক রপ্তানীকারকদের জন্য ইউরোপীয় ইউনিয়ন প্রনীত নিয়ম অনুসরন করে সাত ডিজিটের একটি নিবন্ধন নম্বর দেওয়া হয়েছে । নিবন্ধন নম্বরটির ফরমেট ইইউ এর নিয়ম অনুযায়ী ইংরেজী বর্ণ ও সংখ্যার সমন্বয়ে তৈরী করা হয়েছে, যেমন- BD00001। প্রত্যেক রপ্তানীকারকদের একটি ইউজারনেম (নিবন্ধন নম্বর) এবং পাসওয়ার্ড EPB থেকে অথোরাইজেশন লেটারের মাধ্যমে নিতে হবে । প্রাথমিক ভাবে সকল রপ্তানীকারকদের জন্য পাসওয়ার্ড সরবরাহ করা হবে, পরবর্তীতে প্রত্যেক রপ্তানীকারক নিজস্ব নিরাপত্তার জন্য প্রথম Login করার পর পাসওয়ার্ড পরিবর্তনকরে নিতে পারবে। উল্লেখ্য প্রত্যেক রপ্তানীকারক কেবল তার নিজস্ব ইউজারনেম এবংপাসওয়ার্ড ব্যাবহার করে GSP ফরম এর জন্য আবেদন বা ফরম পূরণ করতে পারবে।

### *GSP ফরম পূরণ ঃ*

এই নির্দেশিকাতে GSP ফরমের প্রতিটি ঘর কিভাবে পূরণ করতে হবে তার ব্যাখ্যা ও উদাহরণসহ উপস্থাপন করা হয়েছে। প্রত্যেকটি অনুচ্ছেদ নম্বর দ্বারা ফরমের ঘর নম্বর বুঝানো হয়েছে এবং নির্দেশনা অনুসরণ করে নির্ভুলভাবে ফরমটি পূরণ করতে হবে। বিভিন্ন কোড এবং অন্যান্য তথ্য যাতে সঠিকভাবে লেখা হয় সে বিষয় নিশ্চিত হতে হবে। অসম্পূর্ণ বা ভুল তথ্য প্রদান করা হলে আবেদনটি  বাতিল বা প্রত্যাহার করা হতে পারে। এমন কি ক্ষেত্র বিশেষে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।

### *GSP ফরম দাখিল প্রক্রিয়া ঃ*

ইউজারনেম (নিবন্ধন নম্বর) ও পাসওয়ার্ড ব্যাবহার করে GSP Tracker সফটওয়্যারটিতে Login করে আবেদন ফরমের চাহিদা মাফিক তথ্য এন্ট্রি  করে ফরম পূরণ করতে হবে। GSP ফরম পূরণ এর পরে নিম্নোক্ত সাপোর্ট ডকুমেন্ট সমূহের scan কপি নির্ধারিত স্থানে attach করতে হবে।

| | |
|---|---|
| a) | Commercial Invoice; |
| b) | Bill of Export (Customs Shipping Bill); |
| c) | Bill of Lading / Air Way Bill; and |
| d) | Bangladesh Bank EXP Form. |

অতপরঃ GSP Tracker এর Submit বাটনে ক্লিক করতে হবে। অনলাইনে GSP ফরম পূরণেরসময় যে তথ্য সরবরাহ করা হয়েছে মূল GSP ফরমে (হার্ডকপি) একই তথ্য সরবরাহ করতে হবে। এরপর মূল GSP ফরমের সাথে সংযুক্তি হিসাবে উপরোক্ত  চারটি ডকুমেন্টের মূলকপি ইপিবি-তে দাখিল করতে হবে।

**জিএসপি ট্রাকার সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ন নির্দেশনা**

- www.epb-gsp.gov.bd (জিএসপি ট্রাকার ব্যবহার করার জন্য এই ডোমেইন ব্যবহার করতে হবে)
- Username:  EPB Reg. No. (Example BD12345)
- (প্রতিষ্ঠানের ইপিবি রেজিঃ নম্বরটি Username হিসাবে ব্যবহার হবে)
- Password:  6 characters (mix of numbers and alphabets)

জিএসপি ট্রাকারের সবথেকে চমকপ্রদ ফিচার হলো এটি সম্পূর্ন ইন্টারনেট ব্রাউজার নির্ভর  একটি পূর্নাঙ্গ ওয়েব বেইসড এপ্লিকেশন। জিএসপি ট্রাকার ব্যবহারের জন্য কোন প্রকার সফটওয়্যার ইনষ্টলেশন বা সফটওয়্যারটিব্যবহারের জন্য কঠিন কোন ধাপ অতিক্রম করার প্রয়োজন নাই। **Google Chrome** ব্যবহার করলে এই সফটওয়্যারের সর্বাপেক্ষা ভালো পারফরমেন্স পাওয়া যাবে।

➢ নিম্নেবর্নিত লিংক থেকে সরাসরি **Google Chrome** ডাউনলোড করা যাবে। উক্ত লিংকে Google Chrome কিভাবে ইনষ্টল করতে হয় তার নির্দেশিকা পাওয়া যাবে।

https://support.google.com/chrome/answer/95346?hl=en&ref_topic=14660

➢ http://www.mozilla.org/en-US/firefox/new/ এই লিংকথেকে Mozilla ডাউনলোড করাযাবে এবং এই লিংকে কিভাবে Mozillaইনষ্টল করতে হয় তার নির্দেশিকা রয়েছে।

➢ Internet Explorerএ GSP Tracker সাপোর্ট করবে না।

**সার্পোটি ডকুমেন্ট স্ক্যান করার নিয়মাবলি**

ডকুমেন্ট স্ক্যানিং এর পূর্বে স্ক্যানের সেটিং এ গিয়ে ব্লাক এন্ড হোয়াইট এবং রেজুলেশন **৭৫ (dpi)** নির্ধারন করে সার্পোটি ডকুমেন্ট সমুহ স্ক্যান করতে হবে। **Accepted file size 256KB and image format JPG & PNG**.

**Form Cancel করার নিয়মাবলি**

Form Submit করার পর কোন কারনে যদি Form নষ্ট হয়ে যায় তাহলে Form Cancel এর জন্য 'পরিচালক (বস্ত্র)' বরাবর আবেদন করে Form Cancel করিয়ে নিতে হবে। অন্যথায় অন্য Formএ GSP নিতে গেলে **Duplicate** দেখাবে। আর যদি Form Submit আগে Form Cancel করতে হয় তাহলে Exporter নিজেই Form Cancel করতে পারবে। সে ক্ষেত্রে Official Use এ Note লিখে দিতে হবে, কি কারনে Form Cancel করা হচ্ছে।

**Form Re-Use করার নিয়মাবলি**

Exporter Form A পূরন করার সময় আগের কোন Submitted Form এর Data নতুন Form এ নিতে চাইলে Recent Form থেকে Form নাম্বর Select করলে নতুন Formএ Data গুলো চলে আসবে। এরপর যে Data গুলো Edit করা দরকার সেগুলো Edit করে Save করতে হবে।

**Form Re-Issue / Duplicat-Issue করার নিয়মাবলি**

GSP সনদ নেওয়ার পর কোন কারনে যদি GSP সনদ নষ্ট হয়ে যায় তাহলে Form Cancel এর জন্য 'পরিচালক (বস্ত্র)' বরাবর আবেদন করে Form Cancel করিয়ে নিতে হবে এবং Form Re-Issue করতে পারবে। Exporter কে Form Re-Issue করার ক্ষেত্রে Official Use এ Note লিখে দিতে হবে কোন Formএর বিপরীতে **Re-Issue / Duplicat-Issue** হচ্ছে।

**Form Break-up এর নিয়মাবলি**

EXP এবং Bill Of Export একধিক বার ব্যাবহার হলে Official Use এ Note লিখে দিতে হবে। কোন কোন Form Break-up হচ্ছে Form-A নম্বরগুলো Note লিখে দিতে হবে।

## Form-A এর নমুনা

1. Goods consigned from (exporter’s, business name, address, country)

2. Goods consigned to (consignee’s name, addresses, country)

Reference No.

**A 6316129**

**GENERALIZED SYSTEM OF PREFERENCE**
**CERTIFICATION OF ORIGIN**
**(Combined declaration and certificate)**
**Form A**

**Issued in..................................................**
(country)

Se notes overleaf

3. Means of transport and route (as far as known)

4. For official use

| 5. Item number | 6. Marks and numbers of package | 7. Number and kind of packages; description of goods | 8. Origin criterion (see notes overleaf) | 9. Gross weight or others quantity | 10. Number and date of invoice |
|---|---|---|---|---|---|
| | | **SAMPLE COPY NOT FOR USE** | | | |

**11. Certification**

It is herby certified, on the basis of control carried out, that the declaration by the exporter is correct

.................................................................................
Place and date, signature and stamp of certifying authority

**12. Declaration by the exporter**

The undersigned hereby declares that the above details and statements are correct; that all the goods were

produced in ..........................................
(country)

and that they comply with the origin requirements specified for those goods in the generalized system of preferences for goods exported to

.................................................................................
(Importing country)

.................................................................................
Place and date, signature of authorized signatory

**Note: This sample Form A is for instructions purposes only and not for use or reproduction in any form or shape.**

## Form-A পূরণের নির্দেশনা

### 1. Goods consigned from (exporter's business name, address, country)

EPB'র নিবন্ধন রয়েছে এমন রপ্তানীকারক প্রতিষ্ঠান EPB কতৃক অনুমোদিত Form-A সরবরাহকারীর (BGMEA/BKMEA) নীকট থেকে Form-A ক্রয় পূর্বক ব্যবহার করতে পারবে। GSP Tracker লগইন করে ইস্যুকৃত Form-A এর গায়ে উল্লিখিত নম্বর অনুযায়ী প্রবেশ করতে হবে। Form-A এই অংশ নিবন্ধিত প্রতিষ্ঠানের প্রয়োজনীয় তথ্য দ্বারা সয়ংক্রীয় ভাবে খালি ঘর সমুহ পূরণ হয়ে যাবে।

উদাহরণঃ Factory Address

| | | | |
|---|---|---|---|
| Exporter Name | Y2K Knit Limited | | |
| Exporter Address | 23 Motijheel C/A | P.S. | Motijheel |
| District | Dhaka | Issued In | Bangladesh |

### 2. Goods consigned to (consignee's name, address, country)

আবেদনকারীকে (রপ্তানীকারক) বায়ারের (আমদানীকারক) পূর্ণনাম ও পূর্ণ ঠিকানা নির্ভূল ভাবে Form-A এই অংশের খালি ঘরের মধ্যেটাইপ করতে হবে। কোন ক্রমেইবায়ারের নাম ও ঠিকানার বানান ভূল করা যাবে না।

উদাহরণঃ

| | | | |
|---|---|---|---|
| Importer Name | H&M U.K. Limited | | |
| Address | 1 Welbeck Street | City | London |
| Zip Code | W1G 0AA | Country | United Kingdom |

### 3. Means of transport and route (as far as known)

আবেদনকারীকে (রপ্তানীকারক) Form-A এই অংশে বন্দর এবং পথের বর্ননা (Port & Route), বি/এল নম্বর (B/LNo), বি/এল এর তারিখ (B/L Date), ভেসেলের নাম ও কনটেনারের নম্বর দারা পুরন করতে হবে। অবশ্যই সঠিক তথ্য প্রদান পূর্বক খালি ঘর সমুহ পূরন করতে হবে। ভুল তথ্য সরবরাহ করলে আবেদনকারীর আবেদন বাতীল বলে গন্য হবে।

উদাহরণঃ

| | | | |
|---|---|---|---|
| Loading Port & Route | Chittagong By Sea | | |
| Bill of Lading (B/L No) | CHT724290 | Bill of Lading (B/L) Date | 16.09.2013 |
| Vessel | Ocean Arrow V-208 | Container | APZU4446910 |

### 4. For official use

আবেদনকারীকে(রপ্তানীকারক) Form-A এই অংশে ফাকা রাখতে হবে।

## 5. Item Number

আবেদনকারীকে (রপ্তানীকারক) Form-A এই অংশে See invoice attached বাক্যটি টি লিখতে হবে।

উদাহরণঃ Item No. See invoice attached

## 6. Marks and numbers of packages

আবেদনকারীকে (রপ্তানীকারক) Form-A এই অংশে See invoice attached বাক্যটি টি লিখতে হবে।

উদাহরণঃ

Marks & No. of Packages See invoice attached

## 7. Number and kind of packages; description of goods

আবেদনকারীকে (রপ্তানীকারক) Form-A এই অংশে পণ্যর সঠিক বর্ননা সহ EXP No., EXP Date, L/C No.,L/C Date, UD No., UD Date, Shipping Bill ও Shipping Bill এর তথ্য দ্বারা খালি ঘর সমূহ সঠিক ভাবে পূরণকরতে হবে। উদাহরণঃ

| | | | |
|---|---|---|---|
| No. & Kind of Packages | 57 Cartoons | | |
| Description of Goods | Kids T Shirt B2003<br>See invoice attached | | |
| EXP No. | 499-187-2012 | EXP Date | 21.08.2013 |
| L/C No. | AF0036583000 | L/C Date | 27.08.2013 |
| UD No. | BGMEA/DHK/UD/4487/2013 | UD Date | 25.08.2013 |
| Bill of Export (Shipping Bill) No. | C 161200 | Bill of Export Date | 10.09.2013 |

আবেদনকারীকে (রপ্তানীকারক) Form-A এই অংশে সংশ্লিস্ট এসোসিয়েসনের নাম ও BIN (Business Identification Number) No.এরতথ্য দ্বারা খালি ঘর সমুহ পূরণ করতে হবে।

Association Reg. No. BGMEA-1234, BKMEA-037-A/2010

BIN No. 5091003370

This section will be already preselected from Exporter Registration File.

## 8. Origin criterion (see notes overleaf)

## 9. Gross weight or other quantity

GSP সুবিধা গ্রহনার্থে রপ্তানীকারককেপণ্যর সম্পূর্ন অথবা আংশিক Country of Origin নিশ্চয়তা প্রদানের ক্ষেত্রে ফরমের Origin criterion এর অংশে সম্পূর্ন Country of Origin নিশ্চয়তা প্রদানের জন্য P এবং আংশিক Country of Origin নিশ্চয়তা প্রদানের জন্য W লিখতে হবে।উদাহরণঃ

Origin criterion W

আবেদনকারীকে(রপ্তানীকারক) Form-A এই অংশে রপ্তানীযোগ্য পণ্যর ক্যাটাগরি অনুযায়ী HS Code কোড নির্ধারিন পূর্বক খালিঘর সমুহ পূরণ করতে হবে। একটি কনসাইনমেন্টে একাধিক পণ্যরবিপরিতে ক্যাটাগরি অনুযায়ী একাধিক HS Code কোড প্রোযোজ্য হবে। উদাহরণঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| Category | Cat. 4 | HS Code | 6109 | Quantities (Pcs.) | 2000 |
| Category | Cat. 5 | HS Code | 6101 | Quantities (Pcs.) | 1000 |
| **Must Press (+) Button to Add** | | | | Total Quantity | 3000 |

**10. Number and date of invoices**

আবেদনকারীকে (রপ্তানীকারক) Form-Aএই অংশে রপ্তানীযোগ্য পণ্যর ইনভয়েস নম্বর, ইনভয়েস তারিখ এবং ইনভয়েস ভ্যালু (ইনভয়েস ভ্যালু ডলার/ইউরো) এর তথ্য দ্বারা খালি ঘর সমুহ পূরণ করতে হবে।

উদাহরণঃ

| | | | |
|---|---|---|---|
| Invoice No. | YKL/H&M/05/2013 | Invoice Date | 10.08.2013 |
| Invoice Value | USD or EUR125000 | | |

**11. Certification (EPB Official Use)**

Form-A এই অংশ রপ্তানী উন্নয়ন ব্যুরো কতৃক পুরণীয়।

It is hereby certified, on the basis of control carried out, that the declaration by the exporter is correct

| | | | |
|---|---|---|---|
| Name of EPB Officer | Md. Zaman | Title | Research Officer |
| EPB Office | Dhaka | | |
| EPB Ref. No. | DHGB 12345 | | |
| Payment Conf. No. | 119923-082013-1 | Issue Date | 26.09.2013 |

**12. Declaration by the exporter**

আবেদনকারীকে (রপ্তানীকারক) Form-Aউল্লেখিত সকল তথ্যের সত্যতা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত ঘোষণা ফরমের এই অংশে প্রদান করতে হবে।

The undersigned hereby declares that the above details and statements are correct; that all the goods were produced in

Country Bangladesh

and that they comply with the origin requirements specified for those goods in the GSP for goods exported to

| | | | |
|---|---|---|---|
| Importing Country | United Kingdom | | |
| Authorized Person | M. Chowdhury | Title | Director |
| Place | Dhaka | Date | 25.09.2013 |

## GSP Tracker-এর মাধ্যমে  Form-A পূরণের নমুনা চিত্র

Form-A পূরণের নমুনা চিত্র (১)




Form-A পূরণের নমুনা চিত্র (২)



Form-A পূরণের নমুনা চিত্র (৩)




Form-A পূরণের নমুনা চিত্র (৪)



GSP Tracker এর মাধ্যমেForm-A জন্য প্রয়োজনীয় সাপোর্ট ডকুমেন্ট সংযুক্তির নমুনা ও রপ্তানী উন্নয়ন ব্যুরো কর্তৃপক্ষের ফরম পূরণ সংশ্লিষ্ট নোটিশের নমুনা চিত্র ঃ

Form-A সাপোর্ট ডকুমেন্ট সংযুক্তির নমুনা চিত্রঃ




Exporter and EPB কর্তৃপক্ষের ফরম পূরণ সংশ্লিষ্ট নোটিশের নমুনা চিত্রঃ

